ANKO CHUNDRIKA

OR

A COMMERCIAL GUIDE

CONTAINING

An Account of Bengal Govt Securities.

WITH

Tables of Interest from one Pie to one Lac of Rupees, at any rate from quarter to 12 percent. Compound Interest. Commission, Discount, Premium, Income Rent and Wages.

Conversion of British Weights into Indian Weights. British Indian Weights and Measures. Value of Merchandise, Conversion of Foreign Monies in Calcutta Value.

Time Table. A Seculiar Diary. Table of Eclipses. Tide Table.

Abstract of Electric Telegraph and Postage rules and rates on Letters News Papers. & Railway Time Table and Fares.

Abstract of Income Tax. &. &.

Adapted

For the use of Native Merchant and Private Gentlemen.

Compiled and Translated into Bengali

BY

GOPAL LALL MITTRA.

LATE DEPUTY MAGISTRATE.

CALCUTTA

অঙ্কচন্দ্রিকা

কোম্পানির কাগজের বৃত্তান্ত, সুদ কমিশন, বেতন, আয় ও কুঠির এবং বাজার ওজনের টেবিল ও বিদ্যুতীয় টেলিগ্রাফ ও ডাক প্রভৃতির বিবিধ নিয়মাদি ইংরাজী হইতে সংকলন পূর্ব্বক।

শ্রীযুত গোপাললাল মিত্র কর্ত্তৃক বাঙ্গালা ভাষায় অনুবাদিত হইল।

শকাব্দা ১৭৮২।

Registered at the Home Office.

১৮৪৭ সালের ২০ আইনমতে রেজিষ্টরী হইয়াছে

PROBHAKUR PRESS

PRINTED BY WOOMES CHUNDER CHATTERJEE.

শ্রীউমেশচন্দ্র চট্টোপাধ্যায় দ্বারা মুদ্রিত হইল।

1860.

OPINIONS.

We have not had leisure before to notice a very useful work, the "Anko Chundrika," a commercial guide containing tables of interest weights and measures and such like useful mater by Gopal Lal Mittra, late a Deputy Magistrate. This kind of compilation is one well known to European civilization, but we believe it is one of the first works of the kind printed for the universal use of the Native merchants of India; and, as such, we can recommend it to their attention as a useful and convenient work of reference. It is from the English this systematic method of reference is learned and we may consider the production of such works as proofs of progress amongst the Hindoos, however slow it may be.

Englishman Saturday, 8th September, 1860.

A Ready Reckoner in Bengali is announced for publication under the title of Aunko Chundrika, which we suppose means the "Moon of Accounts". The work will be of great utility if we may Judge from the contents, as follows, while the price fixed (2 Rupees) is very moderate.

"The work now offered to the public consists of Bengal Govt. Securities with Tables of Interest commission Income &.

The Phoenix, Wenesday 5th September, 1860.

We have the pleasure to acknowledge reciept of a very useful Bengalee compilation by Baboo Gopall Lall Mittra for the use of "Native Merchants and private Gentlemen" It contains.

"An account of Bengal Govt. Securities with Tables of Interest from one Pie to one Lac of Rupees, at any rate from quarter to 12 percent. Compound Interest. Commission, Discount, Premium, Income Rent and Wages.

Conversion of British Weights into Indian Weights. British Indian Weights and Measures. Value of Merchandise, Conversion of Foreign Monies in Calcutta Value.

Time Table. A Secular Diary. Table of Eclipses. Tide Table.

Abstract of Electric Telegraph and Postage rules and rates on Letters News Papers. & Railway Time Table and Fares.

Abstract of Income Tax. &. &.

The work is very neatly Printed at the Probhakur Press.

Bengal Hurkaru, Saturday, 1st September 1860.

প্রেসের অপিনিয়ন

চোরবাগান নিবাসি শ্রীযুক্ত বাবু গোপাললাল মিত্র মহাশয় প্রণীত অঙ্ক চন্দ্রিকা নাম্নী পুস্তক পাঠে আমরা পুলকিত হইলাম। কোম্পানির কাগজের সুদ ডিস্কৌণ্ট বিলাতিয় ও দেশীয় মুদ্রার পরিবর্ত্তন ভিন্নং প্রকার পরিমাণ ইত্যাদি যেং বিষয় সাধারণের আবশ্যক তত্তাবতই এই পুস্তকে নিবেশিত হইয়াছে। অঙ্কচন্দ্রিকা হস্তে থাকিলে কোন প্রকার অঙ্ক সম্বন্ধীয় বিষয়ে আর ভ্রম হইবার সম্ভাবনা নাই। অঙ্কচন্দ্রিকায় সমুদায়ই স্পষ্টরূপে প্রকাশিত হইয়াছে। অতএব মিত্র বাবু যে পরিশ্রম করিয়াছেন তাহা স্বার্থক হইয়াছে। স্বদেশহিতেচ্ছু ব্যক্তিগণ এইরূপ সাধারণ মঙ্গলজনক পুস্তকাদি প্রচার করেন ইহাই আমারদিগের একান্ত প্রার্থনা।

সংবাদ প্রভাকর ২৪ ভাদ্র ১২৬৭ সাল।

TO THE

HONORABLE J. P. GRANT.

LIEUTENANT GOVERNOR OF BENGAL.

&c. &c. &c.

HONORABLE SIR

The livily interest you have exerted in the cause of Native Education, the kind, the truly liberal and paternal policy traceable in all your public measures in which the Native Community are concerned, embolden me to dedicate this work to your Honor.

Iam

Honorable Sir,

With the sentiments of profound respect.

your hono'rs most humble and most

devoted servant,

GOPAL LALL MITTRA.

Calcutta.
Chorebagaun.
The 27th August 1860.

ভূমিকা

যদ্যপি অনেকানেক বিজ্ঞ মহোদয়েরা দেশোপকার জনক নানাবিধ গ্রন্থ বঙ্গভাষায় রচনা বা সঙ্কলিত করিয়া মুদ্রাঙ্কিত করিয়াছেন। কিন্তু কারবারী ও বণিক প্রভৃতি এবং বৈষয়িক জনগণের ক্রয় বিক্রয়ের ও আয় ব্যয় হিসাব করণের সুগমার্থ কোন অঙ্ক পুস্তক নাথাকাতে সর্ব্বসাধারণের অনর্থক সময় নষ্ট ও কষ্ট হইয়া থাকে, যদিও ইংলণ্ডীয় ভাষায় কয়েকখানি গ্রন্থ প্রকাশ হইয়াছে, তাহাও স্বল্প ব্যয় সাধ্য নহে, আর গণিতাঙ্ক প্রভৃতি যে পুস্তকগুলিন মুদ্রাঙ্কিত হইয়াছে তাহাতে কেবল সহজ অঙ্কের সঙ্কেতাদি মাত্র আছে, এবং সে গুলিন বালক বৃন্দের শিক্ষার্থ ভিন্ন নহে ইত্যবধানে আমি বহু কালে ও বহু পরিশ্রমে ইংলণ্ডীয় ভাষায় ভাষিত কলিকাতা গেজেট রেডি ক্যাল্‌ক্যুলেটর এগুারসন সাহেব কৃত টেবিল মার্শেঙ্ক সাহেব কৃত ইণ্ডিয়েন রেডি রেকনর, রোসেক সাহেব কৃত ডাইরেক্টরী অ'গরাগাইড কেলি সাহেব কৃত ইউনিবারসেল কেমবিষ্ট, বারনর্ড স্মিথ সাহেব কৃত ও বনিক্যাষ্টেল সাহেব কৃত অঙ্কপুস্তক এবং অন্যং প্রসিদ্ধ পুস্তক হইতে সঙ্কলন ও তদতিরিক্ত অন্যান্য অনেকানেক নূতন অঙ্ক কসিয়া তাহার সহিত সংযোজন পূর্ব্বক বঙ্গভাষায় অনুবাদ করিয়া অঙ্কচন্দ্রিকা নামক গ্রন্থ প্রস্তুত করিলাম। এই গ্রন্থে সকল প্রকার কোম্পানির কাগজের সুদ বাহির ও রিনিউ ও ক্রয় বিক্রয় প্রভৃতির বিবরণ। সুদ কসার সঙ্কেত ও টেবিল কমিশন প্রিমিয়ম ডিস্কাউণ্ট কসিবার নিয়ম ও টেবিল। বেতন খাজনা বাটীভাড়া ও অন্যং আয় প্রভৃতি কসিবার সঙ্কেত ও টেবিল, বাণিজ্য দ্রব্যের মূল্য নিরূপণ, বাজার কুঠির ইণ্ডিয়ান ও ইংরাজী ওজনের টেবিল, ইংলণ্ডীয় নানাবিধ দ্রব্যের ওজন ও মাপ, নানাদেশে চলিত ওজন ও টাকার বাট্টা ও কলিকাতার ভাঙ্গানি দর, কোং ও সিক্কা টাকার হিসাব, সময় নিরূপণ ইংরাজী ও বাঙ্গালা মতে, আগামী গ্রহণ নিরূপণ, শতবর্ষের পঞ্জিকা, ডাক আড্ডার নাম ও দূরতা, ডাকমাসুলের সংক্ষেপ নিয়ম, ইলেকট্রিক টেলিগ্রাফের অর্থাৎ তারের দ্বারা সম্বাদ প্রেরণের নিয়ম ও টেবিল এবং ইনকম ট্যাক্স অর্থাৎ আয়ের উপরে রাজকরের সংক্ষেপ নিয়ম ও টেবিল ইত্যাদি লিখিত হইয়াছে।

এইক্ষণে বাসনা, এই গ্রন্থে ভ্রম প্রমাদ বশতঃ যে সমস্ত দোষ ঘটিয়াছে বিজ্ঞবরেরা অনুকম্পা পুরঃসর তদ্দোষ পরিহারপূর্ব্বক এতদ গ্রন্থে নলিন-নেত্রপাত করিলে পরিশ্রম সফল জ্ঞান করিব। ইতি।

পূর্ব্বকার ডেপুটী ম্যাজিষ্ট্রেট।

কলিকাতা।
চোরবাগান নং ২১।
ভাদ্র ১২৬৭ সাল।

শ্রীগোপাললাল মিত্রস্য।

সঙ্কেত সকল।

+	যোগের চিহ্ন।	
—	বিয়োগের	ঐ।
×	পূরণের	ঐ।
÷	হরণের	ঐ।
=	লব্ধের	ঐ।

সূচীপত্র।

সূচীপত্র।

দ্বিতীয় ভাগ। পৃষ্ঠা।

অঙ্ক চন্দ্রিকা।

প্রথম ভাগ

গবর্ণমেণ্ট লোন।

অর্থাৎ

কোম্পানির কাগজের বিবরণ।

সুবেবাঙ্গালা প্রেসিডেন্সিতে ইংরাজী ১৮২৪ সাল অবধি ১৮৫৯ সাল পর্য্যন্ত যেং কোম্পানির কাগজ অর্থাৎ কর্জ্জাখত খোলা ও বন্দ হইয়াছে অর্থাৎ জেনেরেল ট্রেজরীতে টাকা জমা লওয়া আরম্ভ ও মৌকুফ হইয়াছিল তাহার বৃত্তান্ত।

প্রথম শতকরা সিক্কা ৪ টাকা সুদের ১৮২৪।২৫ সালের কোম্পানির কাগজ।

কলিকাতা গবর্ণমেণ্ট গেজেটের ৯ বালমের ৪৮৬ সংখ্যায় প্রকাশিত ১৮২৪ সালের ৩০ আগষ্ট ও ১৩ সেপ্টেম্বর তারিখের গবর্ণমেণ্ট বিজ্ঞাপন দ্বারা এই লোন খোলা হয় অর্থাৎ জেনেরেল ট্রেজরীতে টাকা কর্জ্জ লওয়া আরম্ভ হইয়াছিল। এই প্রোমিসরী নোটের অর্থাৎ কর্জ্জা খতের তারিখের নির্দ্দিষ্টতা নাই, জেনেরেল ট্রেজরীতে টাকা জমা দিবার তারিখেই এপ্রোমিসরী নোটের তারিখ লেখা হয় সুতরাং এই লোনের সকল কাগজের এক তারিখ না হইয়া ভিন্নং তারিখ লেখা আছে এবং যেং তারিখের কাগজ সেইং তারিখ অবধি পুরা তিন মাসান্তর বৎসরে চারিবার সুদ পাওয়া যায় ১৮২৫ সালের ১৯ মের গবর্ণমেণ্টের বিজ্ঞাপন দ্বারা এই লোন বন্দ হইয়া ইহার পরিবর্ত্তে

ঐ আজ্ঞামত শতকরা ৫ টাকা সুদের কাগজ (লোন) খোলা হওয়াতে এই চারি টাকা সুদের অনেক কাগজ তাহাতে ট্রান্সফার হইয়াছিল কিন্তু এই লোনের কিছু কাগজ অদ্যাপিও প্রচলিত আছে ইতি।

দ্বিতীয় শতকরা সিক্কা ৪ টাকা সুদের ১৮২৮।২৯ সালের গবর্ণমেণ্ট লোন।

১৮২৮ সালের ৫ জুলাইয়ের কলিকাতা গবর্ণমেণ্টগেজেটে প্রকাশিত ৩ জুলাইয়ের গবর্ণমেণ্টের আজ্ঞামত এই লোন খোলা হইয়াছিল পূর্ব্বোক্তমত এই লোনের (কাগজের) তারিখের নির্দ্দিষ্টতা নাই এবং ইহার সুদ ঐমত পুঁরা তিন মাসান্তর শতকরা ৪ টাকার হিসাবে বৎসরে চারিবার পাওয়া যায়। ১৮৩১ সালের ১৪ এপ্রিলের আজ্ঞামত এ লোন বন্দ হইয়াছিল। ১৮৩০ সালের ১৫ জানুআরির গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে ১৮২৯।৩০ সালের শতকরা ৫ টাকা সুদের লোনে এ প্রোমিসরী নোট ট্রান্সফার (পরিবর্ত্ত) হইয়াছিল, কিন্তু এই লোন সমুদায় এপর্য্যন্তও পরিশোধ হয় নাই, অনেক কাগজ অদ্যাপিও প্রচলিত আছে ইতি।

তৃতীয় শতকরা সিক্কা ৪ টাকা সুদের ১৮৩২ সালের গবর্ণমেণ্ট লোন।

কলিকাতা গবর্ণমেণ্ট গেজেটের ১৭ বালমের ১০০৩ সংখ্যায় প্রকাশিত ১৮৩১ সালের ৭ জুনের গবর্ণমেণ্টের আজ্ঞামত এই লোন খোলা হইয়া কলিকাতায় চলিত পুরা শতং সিক্কা ৫০০ শত টাকার অন্যূন টাকা লওয়া হইয়াছিল। এই প্রোমিসরী নোটে ১৮৩২ সাল ১ মে সন ও তারিখ লেখা আছে, এই কোম্পানির কাগজের সুদ পুরা ছয় মাসান্তর শতকরা সিক্কা ৪ টাকার হিসাবে ১ মে ও ১ নবেম্বর বৎসরে দুইবার পাওয়াযায় ১৮৩৫ সালের ৩১ আক্টোবরের গবর্ণমেণ্টের আজ্ঞামত এ লোন বন্দ হইয়াছিল। ১৮২৩ সালের ৩১ মার্চের ও ১৮২৫।২৬ সালের ও ১৮২৯।৩০ সালের শতকরা ৫ টাকা সুদের কোম্পানির কাগজ এবং ট্রেজরি নোটের কিয়দংশ এই লোনে ট্রান্সফার হইয়া প্রায় দেড়কোটী টাকা পরিশোধ হইয়াছিল, কিন্তু সমুদায় পরিশোধ হয় নাই, অনেক কাগজ অদ্যাপিও প্রচলিত আছে।

চতুর্থ শতকরা কোম্পানির ৪ চারি টাকা সুদের ১৮৩৫।৩৬ সালের গবর্ণমেণ্ট লোন।

১৮৩৫ সালের গবর্ণমেণ্ট গেজেটের ৮১১ পৃষ্ঠায় প্রকাশিত ঐ সনের ১৬ সেপ্টেম্বরের গবর্ণমেণ্টের আজ্ঞামতে এই শতকরা ৪ চারি টাকা সুদের লোন (কোম্পানির কাগজ) খোলা হইয়াছিল, ইহাতে ১৮৩৬ সাল ৩১ মার্চ্চ সন ও তারিখ লেখা আছে। ইহার সুদ পুরা ছয় মাসান্তর ৩১ মার্চ্চ ও ৩০ সেপ্টেম্বর শতকরা ৪ চারি টাকার হিসাবে বৎসরে দুইবার পাওয়া যায়। ৫০০ টাকার কমে এ লোনের কাগজ নাই, ১৮২৩ সালের ৩১ মার্চ্চের প্রথম শ্রেণীর শতকরা ৫ টাকা সুদের প্রোমিসরী নোটের (কোম্পানির কাগজের) কিয়দংশ এই লোনে ট্রান্সফার হইয়াছিল এবং ১৮৪১ সালের ১৭ মের আজ্ঞামত এই লোন বন্দ হইয়াছিল, কিন্তু সমুদয় পরিশোধ হয় নাই, এ পর্য্যন্ত এলোনের অনেক কাগজ প্রচলিত আছে।

পঞ্চম শতকরা কোম্পানির ৪ চারি টাকা সুদের ১৮৪২।৪৩ সালের গবর্ণমেণ্ট লোন।

১৮৪৩ সালের গবর্ণমেণ্ট গেজেটের ১৪ পৃষ্ঠায় প্রকাশিত গবর্ণমেণ্টের ৪ জানুআরির আজ্ঞামতে এই শত করা ৪ টাকা সুদের লোন (কোম্পানির কাগজ) খোলা হইয়াছিল, এই প্রোমিসরী নোটে ১৮৪৩ সাল ১ ফিব্রুআরি সন ও তারিখ লেখা আছে, ইহার সুদ শত করা ৪ টাকার হিসাবে পুরা ছয় মাসান্তর ১ ফিব্রুআরি ও ১ আগষ্ট বৎসরে দুই বার পাওয়া যায়। ৫০০ পাঁচ শত টাকার কমে এ লোনের কাগজ নাই। গবর্ণমেণ্টের শতকরা ৫ টাকা সুদের ট্রেজরি নোটের কর্জ্জ দরুণ কিয়দংশ এই লোনে ট্রান্সফার (খারিজদাখিল) হইয়াছিল কিন্তু এই লোন সমুদায় পরিশোধ হয় নাই, এক্ষণেও অনেক কাগজ প্রচলিত আছে। গবর্ণমেণ্টের ১৮৫৫ সালের ১৬ সেপ্টেম্বরের আজ্ঞামতে এই লোন বন্দ হইয়াছে।

ষষ্ঠ শতকরা কোম্পানির ৪ চারি টাকা সুদের ১৮৫৪।৫৫ সালের গবর্ণমেণ্ট ট্রেন্সফার লোন।

১৮৫৩ সালের কলিকাতা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত গবর্ণমেণ্টের ২২ জানুআরি তারিখের আজ্ঞামতে এই শতকরা ৪ টাকা

সুদের লোন (কোম্পানির কাগজ) খোলা হইয়াছিল। এই প্রোমিসরী নোটে ১৮৫৪।৫৫ সাল ৩০ জুন ও ৩১ ডিসেম্বর সন ও তারিখ লেখা আছে, ইহার সুদ শতকরা ৪ টাকার হিসাবে পুরা ছয় মাসান্তর ৩০ জুন ও ৩১ ডিসেম্বর বৎসরে দুই বার পাওয়া যায়। ৫০০ পাঁচ শত টাকার কমে এই লোনের কাগজ নাই গবর্ণমেণ্টের ১৮৫৩ সালের ২২ জানুআরি ও ১ ফিব্রুআরি ও ২৮ অক্টোবরের আজ্ঞামত ১৮৩৪ সালের ৩১ ডিসেম্বর অবধি ১৮৪১ সালের ৩০ জুন পর্য্যন্ত গবর্ণমেণ্টের যাবদীয় শতকরা ৫ টাকা সুদের লোন এই লোনে ট্রান্সফার (পরিবর্ত্ত) হইয়াছে। এই লোন এপর্য্যন্ত সমুদায় পরিশোধ হয় নাই, অনেক কাগজ এক্ষণ পর্য্যন্ত প্রচলিত আছে।

শতকরা কোম্পানির ৩॥০ সাড়ে তিন টাকা সুদের ১৮৫৪ সালের গবর্ণমেণ্ট লোন।

১৮৫৩ সালের ২৮ আক্টোবরের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনে প্রকাশিত আজ্ঞামতে এই শতকরা তিন টাকা আট আনা সুদের লোন খোলা হইয়াছিল, এই কোম্পানির কাগজে ১৮৫৪ সাল ২৮ ফিব্রুআরি সন ও তারিখ লেখা আছে এবং ইহার সুদ বৎসরে শতকরা ৩॥০ সাড়ে তিন টাকার হিসাবে ২৮ ফিব্রুআরি ও ৩১ আগষ্ট পুরা ছয় মাসান্তর দুই বার পাওয়া যায় ১৮৫৬ সালের ৩০ আগষ্ট তারিখে এই লোন বন্দ হয় অর্থাৎ এই তারিখ পর্য্যন্ত জেনেরেল ট্রেজরিতে টাকা জমা লওয়া স্থগিত হইয়াছে ৫০০ পাঁচ শত টাকার কমে এ লোনের কাগজ হয়নাই, ১৮৫৭ সালের ২৭ জুলাইয়ের গবর্ণমেণ্টের আজ্ঞামতে এ লোনের অনেকাংশ ১৮৫৭ সালের ২৮ ফিব্রুআরির শতকরা ৫ পাঁচ টাকা সুদের লোনে ট্রান্সফার হইয়াছে, কিন্তু এই লোনের কিছু২ কাগজ এপর্য্যন্তও প্রচলিত আছে।

শতকরা ৫ টাকা সুদের সাধারণ লোকদিগের উপকার কার্য্যার্থ কর্জ্জ।

গবর্ণমেণ্ট গেজেটে ৭৮৮ সংখ্যায় প্রকাশিত ১৮৫৫ সালের ১২ মার্চ্চের গবর্ণমেণ্টের ফাইনান্সিয়াল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপন দ্বারা দুই কোটী পঁচাত্তর লক্ষ টাকা কর্জ্জ লওন জন্যে এই শতকরা ৫ পাঁচ টাকা সুদের কোম্পানির কাগজ খোলা হইয়া ৫০০ শত টাকা অবধি

গ্রহণ হইয়াছিল, ইহাতে ১৮৫৫ সাল ১২ মার্চ্চ সন ও তারিখ লেখা আছে, বৎসর প্রতি শতকরা কোং ৫ টাকা হারে সুদ ছয় মাসান্তর ৩১ মার্চ্চ ও ৩০ সেপ্টেম্বর দুইবার পাওযায়। এই লোনের (কর্জ্জের) কোন অংশ ১৮৭০ সালের ৩১ মার্চ্চ তারিখের পূর্ব্বে এবং তিন মাস থাকিতে সম্বাদ না দেওয়া গেলে পরিশোধ করা যাইবেক না। ঐ সম্বাদ ১৮৬৯ সালের ৩০ ডিসেম্বর তারিখের পর কোন সময়ে দেওয়া যাইবেক। ১৮৫৫ সালের ১৯ আক্টোবর তারিখে এই লোন বন্দ হইয়াছিল।

শতকরা ৪৷৷০ সাড়ে চারি টাকা সুদের ১৮৫৬ সালের গবর্ণমেণ্টের লোন।

গবর্ণমেণ্টের ১৮৫৬ সালের ৩০ আগষ্ট তারিখের আজ্ঞামতে এই শত করা ৪৷৷০ চারি টাকা আট আনা সুদের কোম্পানির কাগজ খোলা হইয়া ৫০০ শত টাকা অবধি কর্জ্জ লওয়া হইয়াছিল, ইহাতে ১৮৫৭ সাল ২৮ ফিব্রুআরি সন ও তারিখ লেখা আছে, বৎসর প্রতি শতকরা কোম্পানির ৪৷৷০ চারি টাকা আট আনার হারে সুদ পুরা ছয় মাসান্তর ২৮ ফিব্রুআরি ও ৩১ আগষ্ট দুই বার পাওয়া যায়, এই লোনের (কর্জ্জের) কোন অংশ ১৮৬৬ সালের ৩১ আগষ্ট তারিখের পূর্ব্বে এবং তিন মাস থাকিতে সংবাদ না দেওয়া গেলে পরিশোধ করা যাইবেক না। ঐ সংবাদ ১৮৬৬ সালের ২৯ জুন তারিখের পর কোন সময়ে দেওয়া যাইবেক। ১৮৫৭ সালের ১৬ জানুআরি তারিখের গবর্ণমেণ্টের আজ্ঞামতে এ লোন বন্দ হইয়াছিল। গবর্ণমেণ্টের ১৮৫৭ সালের ২৭ জুলাইয়ের ৩১ নম্বর বিজ্ঞাপন দ্বারা এই লোনের কাগজের অনেকাংশ ১৮৫৭ সালের ২৮ ফিব্রুআরি শতকরা ৫ টাকা সুদের লোনে ট্রান্সফার হইয়াছে অর্থাৎ বদল হইয়াছে, তথাচ কিছু২ কাগজ এপর্য্যন্ত প্রচলিত আছে সমুদয় পরিশোধ হয় নাই।

নূতন ৫ টাকা সুদি ১৮৫৭ সালের ১৬ জানুআরি তারিখের গবর্ণমেণ্ট লোন (কর্জ্জ।)

ফাইনানসিয়াল ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ১৬ জানুআরির ৬ নম্বর বিজ্ঞাপন দ্বারা গবর্ণমেণ্টের আদেসানুসারে এই প্রোমিসরী

নোট খোলা হইয়া ৫০০ শত টাকা অবধি কর্জ্জ গ্রহণ করা হইয়া বৎসরে শতকরা ৫ টাকা সুদের করারে কোম্পানির কাগজ দেওয়া গিয়াছিল ঐ কাগজের পাঠ এই।

"ফোর্ট উইলিয়ম ১৮৫৭ সাল ২৮ ফিব্রুআরি।"

শত করা ৫ টাকার সুদের কোম্পানির এত টাকার প্রোমিসরী নোট হুজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরল বাহাদুর, কোম্পানি বাহাদুরের নামে কর্জ্জ স্বরূপ অমুকের স্থানে এত টাকা পাইয়াছেন স্বীকার করিয়া ঐ কোম্পানির পক্ষে ইহার দ্বারা প্রতিজ্ঞা করিতেছেন যে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরেল বাহাদুর ঐ টাকা শোধ করিবার যে ইস্তেহার কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন তাহার তিন মাস অতীত হইলে পর ঐ টাকার দাওয়া হইলে, শ্রীযুত উক্ত শ্রী অমুককে কি তাহার অছি কি এডমিনিষ্ট্রেটরদিগকে কিম্বা তাহার বা তাহাদের হুকুমমতে ফোর্ট উইলিয়মের জেনেরেল ট্রেজরি হইতে কোম্পানির এত টাকা দিয়া উক্ত কর্জ্জ পরিশোধ করিবেন এবং কোম্পানির উক্ত এত টাকার উপর বৎসর শত করা ৫ টাকার দরে যে সুদ হয় তাহা ছয়২ মাসে ফোর্ট উইলিয়মের জেনেরেল ট্রেজরি হইতে উক্ত শ্রী অমুককে কি তাহার অছিকে কি এডমিনিষ্ট্রেটরদিগকে দিবেন। পরন্তু পূর্ব্বোক্তমতে শোধ করণের উক্ত প্রকার এত্তেলা প্রকাশ হইলে তিন মাস অতীত হইলে পর ঐ কাগজের উপর যত সুদ পাওনা হয় তাহা সমেদ আসল টাকার সুদ শোধ হইবেক এবং ঐ ইস্তেহার কোম্পানির কাগজের টাকা শোধ করিবার নির্দ্দিষ্ট তারিখে টাকা দেওনের প্রস্তাবের তুল্য জ্ঞান হওয়াতে সেই তারিখ অবধি সুদ রহিত হইবেক।

এক্কৌন্টেন্ট সাহেবের দপ্তরখানা অমুক সনের অমুক নম্বরে রেজেষ্টরী হয়।

হুজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরেল বাহাদুরের ক্ষমতাক্রমে স্বাক্ষরীত শ্রীঅমুক গবর্ণমেন্টের সেক্রেটরী।

তিন কোটী টাকা পর্য্যন্ত কর্জ্জ লওয়া যাইবেক, এই কর্জ্জের কোন অংশ ১৮৭২ সালের ১৬ জানুআরির পূর্ব্বে কিম্বা ১৮৭১ সালের ১৫ আক্টোবরের কোন সময়াবধি তিন মাস থাকিতে সংবাদ না দেওয়া গেলে শোধ হইবেক না।

ফাইনানসিয়াল ডিপার্টমেণ্টের

২৭ নম্বর বিজ্ঞাপন।

এই গবর্ণমেণ্টের শতকরা ৪ টাকার কোম্পানির কাগজ যে ব্যক্তিদিগের হাতে থাকে তাহাদিগকে এই সংবাদ দেওয়া যাইতেছে। যাবৎ অন্য হুকুম প্রকাশ না হয় তাবৎ শতকরা ৫ টাকার সুদের যে কর্জ্জ এক্ষণে খোলা আছে তাহার নিমিত্তে তাহারা টাকা দিতে চাহিলে তাহার অর্দ্ধেক নগদে ও অর্দ্ধেক শতকরা ৪ টাকার কোম্পানির কাগজে গ্রহণ হইবেক।

যদি ঐ কোম্পানির কাগজ সিক্কা টাকার কাগজ হয় ও তত্তো সিক্কা টাকাতে কোম্পানির যত টাকা হয় তাহাও সেই কাগজের তুল্য নগদ টাকা এই দুই লইয়া যদি সমান শত২ টাকা না হয় তবে যাঁহারা তাহা দিয়া শতকরা ৫ পাঁচ টাকার কাগজ লইতে চাহেন তাঁহারা আপনাদের ইচ্ছামতে অধিক নগদ দিয়া শত টাকা পূর্ণ করিতে পারিবেন কিম্বা শতকরা ৪ চারি টাকার যে কাগজ দেন আর যত দিলে পুরা শত হয় তাহার বিশেষ তাঁহারা লইতে পারিবেন।

শতকরা ৫ পাঁচ টাকার কাগজের নিমিত্তে ৪ চারি টাকার কাগজ যে সময় দেওয়া যায় সেই সময়ে ঐ শতকরা ৪ চারি টাকা কাগজের উপর যে সুদ পাওনা থাকে তাহা তাঁহাদিগকে দেওয়া যাইবেক।

সি, হিউ লসিংটন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

৩১ নম্বর বিজ্ঞাপন।

ফাইনানসিয়াল ডিপার্টমেণ্ট

১৮৫৭ সাল ২৭ জুলাই।

বর্ত্তমান মাসের ২০ তারিখে ২৭ নম্বর যে বিজ্ঞাপন এই ডিপার্টমেণ্ট হইতে প্রকাশ হয় তদতিরিক্ত এই গবর্ণমেণ্টের শতকরা ৩।।০ ও শতকরা ৪।।০ টাকার কোম্পানির কাগজ যাঁহাদের নিকট থাকে তাঁহাদিগকে এই সম্বাদ দেওয়া যাইতেছে যাবৎ অন্য হুকুম না করা যায় তাবত শত করা ৫ টাকার সুদের যে কর্জ্জ খোলা আছে তাহার নিমিত্তে যাঁহারা টাকা দিতে চাহেন তাঁহার অর্দ্ধেক নগদে ও অর্দ্ধেক ঐ কোম্পানির কাগজে এই হিসাবে দিতে পারিবেন অর্থাৎ ৩।।০ টাকা

সুদের কাগজ দিলে কাগজে ২ দুই টাকা ও নগদে ৩ টাকা হিসাবে দিতে পারিবেন শতকরা ৪॥০ সাড়ে চারি টাকার সুদের কাগজ দিলে কাগজে ২ দুই টাকা ও নগদে ১ এক টাকার হিসাবে দিতে পারিবে। পরন্তু কাগজে ও নগদে যাহা দেওয়া যায় তাহাতে পুরা শত২ টাকা হওয়া প্রিয়োজন ইহার উদাহরণ শতকরা ৩॥০ টাকার সুদের ১০০০০ দশহাজার টাকার কোম্পানির কাগজ যাহার নিকটে থাকে তিনি আপনার ঐ ৩॥০ সাড়ে তিন টাকা সুদের কাগজ ও ১৫০০০ পোনের হাজার টাকা নগদ দিলে শতকরা ৫ টাকা সুদের ২৫০০০ হাজার টাকার কোম্পানির কাগজ পাইবেন আর শতকরা ৪॥০ সাড়ে চারি টাকা সুদের ১০০০০ দশ হাজার টাকার কোম্পানির কাগজ যাঁহার নিকট থাকে তিনি আপনার ঐ সাড়ে চারি টাকা সুদের কাগজ ও ৫০০০ হাজার টাকা নগদ দিলে শতকরা ৫ টাকা সুদী ১৫০০০ পোনেরো হাজার টাকার কোম্পানির কাগজ পাইবেন।

আরো সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৭ সালের ১৬ জানুআরি তারিখে এই ডিপার্টমেণ্ট হইতে ৫ নম্বরে যে বিজ্ঞাপন বাহির হইয়াছিল তাহাতে লেখা ছিল শতকরা ৫ পাঁচ টাকার হিসাবে তিন কোটী টাকা পর্য্যন্ত কর্জ্জ লওয়া হইবেক এইক্ষণে সেই সীমা উঠান গিয়াছে।

সি, হিউ লসিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

৩১ নম্বর বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম ফাইনানসিয়াল ডিপার্টমেণ্ট

১৮৫৯ সালের ২৭ জুলাই।

১৮৫৯ সালের ২০ এপ্রিলের গবর্ণমেণ্টের ২৮ নম্বর বিজ্ঞাপনে প্রকাশিত আজ্ঞামতে ঐ সনের ৩০ এপ্রিল তারিখে এই লোন বন্দ হইয়া ইহার পরিবর্ত্তে ১ মে তারিখে শতকরা ৫॥০ টাকা সুদের কাগজ খোলা হইয়াছে।

১৮৫৯ সালের ২৬ জানুআরির

ট্রেজরী বিল।

গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত উক্ত সনের ও তারিখের আজ্ঞা-

হুসারে এই ট্রেজরী বিল নামে কর্জ্জ খোলা হইয়া তাহাতে এইমত অনুমতি হইয়াছিল, যে যদি কেহ ট্রেজরীর বিল খরিদ করিতে ইচ্ছা-করিলে কলিকাতার শ্রীযুত সব-ট্রেজরর সাহেবের নিকট আর মফস্বল নিবাসী হইলে ঐ জেলার কালেক্টর সাহেবের নিকট টাকা দাখিল করিতে হইবে পরে দাখিলের তারিখ অবধি ঐ টাকার ফি শত টা-কার উপর প্রতিদিন এক পয়সার হিসাবে সুদ চলিবেক। সেই টাকা ঐ স্থানের ট্রেজরীতে দেওয়া গেলে উক্ত সব-ট্রেজরর সাহেবেরা রীতি মত সার্টিফিকিট দিবেন। সেই সার্টিফিকিট কলিকাতার এক্কৌ-ন্টেন্ট জেনেরেল আর মফস্বল নিবাসী হইলে তথাকার কালেক্টর সাহেবদিগের দপ্তরখানায় দাখিল হইলে তাঁহারা তাহার পরি-বর্ত্তে সাধ্যমতে শীঘ্র করিয়া ট্রেজরীর বিল দিবেন।

ঐ প্রকার বিল যাঁহারা লন তাঁহারা চাহিলে যে স্থানের ট্রেজরী হইতে বিল পাইয়াছিলেন সেই ট্রেজরীতে আপনারদের পুরা টাকা ঐ বিল পাইবার তারিখ অবধি এক বৎসর গত হইলে পর ফিরিয়া পা-ইতে পারিবেন। আর যে তারিখে ঐ বিল দেওয়া যায় সেই তা-রিখ অবধি এক বৎসর গত হইলে পর যে রাজধানীতে ঐ বিল পা-ওয়া গিয়াছে সেই রাজধানীর কোন খাজনা খানাতে ঐ বিলের উপর সুদের যত টাকা পাওনা থাকে তাহা বাদ দিয়া ঐ বিলের সমান টাকা বলিয়া সরকারের মালগুজারি পরিশোধ অথবা ৫ টাকা সুদের বা যে কোন সুদের কোন কাগজ তৎকালে পাওয়া যায় তাহা খরিদ করি-বার বাবতে অথবা জেনেরেল ট্রেজরীতে যে কিছু টাকা গবর্ণমে-ন্টের পাওনা থাকে ও নেমক ও আবকারী হাসিলের বাবতে দেনা টাকা সরকারের মালগুজারির পরিশোধে ঐ বিল গ্রহণ করা হইতে পারিবেক।

আর ঐ বিল জারি হইবার তারিখ অবধি এক বৎসর গত হইলে পর গবর্ণমেণ্ট ইচ্ছা করিলে জেনেরেল ট্রেজরী হইতে পরিশোধ হইতে পারিবেক। কিন্তু তাহা শোধ করিবার তারিখের পুর্ব্বে ৩ তিন মাস থাকিতে তাহার সংবাদ কলিকাতা গেজেটে প্রকাশ হইবে এবং সেই তারিখ অবধি ঐ বিলের সুদ বন্দ হইবে।

২০০। ৫০০। ১০০০ ও ৫০০০ ও ১০০০০ দশ হাজার টাকার

প্রত্যেক কেতা বিল পাওয়া যাইতে পারিবেক ইহার কমে ট্রেজরীতে টাকা জমা লওয়া হইবেক না ইতি।

নূতন ৫৷৷০টাকা সুদী ১৮৫৯ সালের ১ মে তারিখের গবর্ণমেণ্ট লোন।

সন ১৮৫৯ সালের ২৮ নম্বর বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়েম ফাইনানসিয়াল ডিপার্টমেণ্ট।

১৮৫৯ সাল ২০ এপ্রিল।

গত ফিব্রুআরি মাসের ২১ তারিখের ১৪ নম্বরের যে বিজ্ঞাপন এই সেরেস্তা হইতে প্রকাশ হইয়াছিল তাহার ১৪ দফা উপলক্ষে এই সংবাদ দেওয়া যাইতেছে, ভারতবর্ষের কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটরী সাহেবকে যাঁহারা শত করা ৫৷৷০ টাকার হিসারে লোন দিতে চাহেন তাঁহারদের স্থানে ফোর্ট উইলিয়েম অর্থাৎ কলিকাতার মান্দ্রাজের বোম্বাইয়ের সব-ট্রেজরর সাহেব ও এদেশীয় রাজদরবারের নানা রেসিডেণ্ট সাহেব এবং ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীনস্থ নানা রাজধানী ও গবর্ণমেণ্টের ও প্রদেশের মধ্যে ট্রেজরীর অর্থাৎ খাজানাখানার ভার প্রাপ্ত কালেক্টর ও অন্যান্য কার্য্যকারক সাহেবেরা আগামী মে মাসের ১ তারিখ অবধি পুরা শত শত টাকা করিয়া ৫০০ পাঁচ শত টাকার অন্যূন যত হয় তত টাকা পশ্চাৎ অর্থাৎ ইহার পরের লিখিত বিধানমতে গ্রহণ করিতে আজ্ঞা পাইয়াছেন।

এই গবর্ণমেণ্টের শত করা ৫ টাকা সুদী প্রোমিসরী নোট অর্থাৎ কোম্পানির কাগজ যাঁহাদের হাতে আছে তাঁহারা অর্দ্ধেক নগদ ও অর্দ্ধেক উক্ত প্রোমিসরী নোট দিয়া এই লোনে টাকা দিতে পারিবেন।

সরকারের উপর মঞ্জুর করা সকল দাবি পত্র ও বাকী বেতনের আডিট করা বিল ও সরকারের কোন ট্রেজরীর উপর হুণ্ডি যত টাকার নিমিত্তে হয় তত টাকা বলিয়া ঐ লোনে গ্রাহ্য হইতে পারিবেক, কিন্তু হুণ্ডি হইলে যত দিনের মিয়াদ থাকে তত দিনের নিমিত্তে বৎসরে শতকরা ৫৷৷০ টাকার হিসাবে সুদ বাদ দেওয়া যাইবেক।

নানা রাজধানীর পল্টনের বক্সি সাহেব দিগকেও এই অনুমতি দেওয়া যাইতেছে যে তাঁহারদের স্থানে যাঁহারদের কিছু টাকা পাওনা

থাকে তাঁহারা সেই টাকা এই লোনে দিতে চাহিলে বক্রি সাহেবেরা তাহা খারিজ দাখিল করেন। ও বাঙ্গালা ও মান্দ্রাজের একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের নামে ও বোম্বাই দেশের মিলেটরী পেমাষ্টর জেনেরেল সাহেবের নামে ঐ টাকার হুণ্ডি দেন ও উক্ত সাহেবেরা এই লোনের নিমিত্তে টাকা বলিয়া তাহা গ্রাহ্য করিবেন।

সরকারি যে সকল কার্য্যকারকদিগকে এই লোনের নিমিত্তে টাকা গ্রহণ করিবার অনুমতি দেওয়াগিয়াছে তাহারদের হাতে যে সকল টাকা ঐ কারণে আইসে তাহার রসিদ এই পাঠে দিবেন।

"আমি ইহাতে স্বীকার করিলাম যে অদ্য শ্রী অমুক কোম্পানির এত টাকা অমুকের স্থানে ট্রেজরীতে দিয়াছেন তাহার জন্যে ১৮৫৯ সালের অমুক তারিখের কলিকাতা গেজেটে যে ইস্তাহার প্রকাশ হইয়াছে সেই ইস্তাহারের মর্ম্মমতে তাহার নির্দ্দিষ্ট লোনের নিয়ম মতে উক্ত শ্রী অমুক ভারতবর্ষের কৌন্সেলের রাজ্যের শ্রীযুত সেক্রেটরী সাহেবের এক কেতা প্রোমিসরী নোট পাইবার দাওয়া রাখেন, সেই নোটের সুদ অমুক তারিখ অবধি চলিবেক।

উক্ত রসিদ উপস্থিত করা গেলে তদনুসারে যাঁহারা প্রোমিসরী নোট পাইবার দাওয়া রাখেন তাঁহারদিগকে ফোর্ট উইলিয়মের একৌণ্টেণ্ট জেনেরেল সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের দস্তখৎ করা প্রোমিসরী নোট অগৌণে প্রস্তুত করাইয়া দিবেন, সেই নোটের পাঠ এই।

ফোর্ট উইলিয়েম ১৮৫৯ সাল ৩১ মে।

শতকরা ৫৷৷০ টাকার সুদের হিসাবে কোম্পানির এত টাকার প্রোমিসরী নোট হুজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরেল বাহাদুর ইহাতে স্বীকার করিতেছেন যে ভারতবর্ষের কৌন্সেলের রাজ্যের শ্রীযুত সেক্রেটরী সাহেবের নিকট কর্জ্জ স্বরূপে কোম্পানির এত টাকা শ্রীঅমুকের স্থানে পাওয়াগিয়াছে তাহাতে তিনি হুজুর কৌন্সেলে রাজ্যের উক্ত সেক্রেটরী সাহেবের নিমিত্তে ও তাঁহার তরফে এই প্রতিজ্ঞা করিতেছেন যে উক্ত টাকা পরিশোধ করিবার সংবাদ হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরেল বাহাদুর যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করেন সেই তারিখের পর ৩ তিন মাস ফুরাইলে পরে উক্ত শ্রীঅমুককে কিম্বা বিষয় বিশেষে তাহার

কি তাহারদের অছি দিগকে কি এডমিনিষ্ট্রেটরদিগকে অথবা তাহার কি তাহারদের দাওয়া মাত্রে তাহার কি তাহারদের হুকুমানুসারে কোম্পানির উক্ত এত টাকা ফোর্ট উইলিয়মের জেনেরেল ট্রেজরী হইতে দিয়া ঐ টাকা পরিশোধ করা যাইবেক ও সেই টাকা পরিশোধ করিবার সংবাদ প্রকাশ হইলে পর ৩ তিন মাস পর্য্যন্ত কোম্পানির উক্ত এত টাকার উপর বৎসর শতকরা ৫।।০ টাকার হিসাবে যে সুদ হয় তাহা ছয়২ মাসের ফোর্ট উইলিয়মের জেনেরেল ট্রেজরী হইতে উক্ত অমুককে কিম্বা তাহার কি তাহারদের অছি কি এডমিনিষ্ট্রেটরদিগকে কিম্বা বিষয় বিশেষে তাহার কি তাহারদের আজ্ঞামতে দেওয়া যাইবে, সেই তিন মাস ফুরাইলে পর যত সুদ পাওনা থাকে তাহা আসল টাকা সমেত দেওয়া যাইবেক। ও সেই সংবাদ এই নোটের টাকা পরিশোধ করিবার নিরূপিত সময়ে সেই টাকা দিবার প্রস্তাবের তুল্যজ্ঞান হওয়াতে সেই ৩ তিন মাস ফুরাইলে পর ঐ টাকার উপর সুদ চলিবেক না। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনেরেল বাহাদুর আরো এই প্রতিজ্ঞা করিতেছেন যে, উক্ত লোনের টাকা ১৮৭৯ সালের ১ মে তারিখের অগ্রে পরিশোধ হইবেক না।

হুজুর কৌন্সলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরেল
বাহাদুরের আজ্ঞাক্রমে।

এক্কৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা অমুক সালের অমুক নম্বর বলিয়া রেজিষ্টরী করা গেল। } দস্তখৎ হইল গবর্ণমেণ্টের সেক্রেটরী।

এই লোনের টাকা আদায় করিবার ক্ষমতা যে সকল কার্য্যকারক সাহেবকে দেওয়া গেল তাঁহারদের নিকটে ঐ লোনের টাকার রসিদ যাঁহারা পাইয়াছেন তাঁহারা প্রার্থনা করিলে ঐ সাহেবেরা সেই রসিদ বিনা খরচে ফোর্ট উইলিয়মের এক্কৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের নিকট পাঠাইবেন তাহাতে সেই রসিদের পরিবর্ত্তে তাঁহারদিগকে প্রোমিসরী নোট দেওয়া যাইবে। সেই টাকা যে তারিখে দেওয়া যায় সেই তারিখের পরের ৩১ মে তারিখ অবধি কিম্বা ৩০ নবেম্বর তারিখ অবধি সুদ চলিবেক। আর সেই টাকা দিবার তারিখ অবধি তাহার পরের ৩১ মে কিম্বা ৩০ নবেম্বর তারিখ পর্য্যন্ত যত দিন হয় তাহার সুদ ঐ রসিদ দিবার সময়েতে তাঁহারদিগকে দেওয়া যাইবেক। ঐ নোট কিম্বা রসিদ যাঁহারা পান তাঁহারা যদি টাকার সুদ কলিকাতার জেনে-

রেল ট্রেজরী ছাড়া সরকারের অন্য ট্রেজরী হইতে লইতে চাহেন তবে তাঁহারা আপনারদের সেই অভিপ্রায় ফোর্ট উইলিয়মের একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবকে জানাইলে ও ট্রেজরী হইতে সুদ লইতে চাহেন সেই ট্রেজরী হইতে সুদ পাইবার হুকুম ঐ নোটের উপর লেখা যায় ও তাহাতে উক্ত কার্য্যকারক সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টান্ট সাহেবের দস্তখৎ থাকে, এই কারণে তাহাঁরা ঐ নোট কিম্বা রসিদ একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের নিকট পাঠাইলে তাঁহারদের মানস সিদ্ধ হইতে পারিবেক, ও তাঁহারদের প্রার্থনামতে ঐ হুকুম কোন নোটের উপর লেখা গেলে পর সেই সুদ তাঁহারা কেবল সেই ট্রেজরী হইতে পাইতে পারিবেন। পরে অন্য কোন ট্রেজরী হইতে লইতে চাহিলে তাঁহারা দরখাস্ত লিখিয়া সেই নোট ফোর্ট উইলিয়মের একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের নিকট পাঠাইবেন।

আর যদি তাঁহারা চাহেন তবে ঐ লোন যতকাল চলিবার প্রতিজ্ঞা হইয়াছে ততকালের সুদ ফোর্ট উইলিয়মের জেনেরেল ট্রেজরী হইতে কুপন দ্বারা অর্থাৎ ছয়২ মাসের সুদের এক প্রকার হুণ্ডির দ্বারা দেওয়া যাইতে পারিবেক। সেই কুপন যাঁহার স্থানে থাকে তাঁহাকে তাহার টাকা দেনা হইবেক। যাহারা চাহেন তাঁহারা দরখাস্ত করিলে তাঁহারদিগকে রীতিমত প্রোমিসরী নোট দেওয়া না গিয়া কুপন সংযুক্ত প্রোমিসরী নোট দেওয়া যাইবেক।

অথবা যদি কেহ চাহেন তবে কলিকাতার কি মান্দ্রাজের জেনেরেল ট্রেজরীর উপর দাওয়া মাত্রে টাকা দিব, হুণ্ডির দ্বারা এই সুদ লণ্ডননগরে ইষ্টইণ্ডিয়া হাউসে পাওয়া যাইতে পারিবেক ইহাতে এক্ষণে যে সকল বিধি ও নিয়ম চলন আছে কিম্বা ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত রাইট আনারেবিল সেক্রেটরী সাহেব কিম্বা এই গবর্ণমেণ্ট অন্য যে কোন বিধি কি নিয়ম করেন তাহা মানিতে হইবে।

ফোর্ট উইলিয়মের একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দ্বারা না হইলে এই লোনের প্রোমিসরী নোট নূতন করিয়া পাওয়া যাইবেক না, ও অনেক টাকার নোটের পরিবর্ত্তে অল্পং টাকার প্রোমিসরী নোট পাওয়া যাইতে পারিবেক না ও অল্পং টাকার প্রোমিসরী নোট সংগ্রহ করিয়া অধিক টাকার এক নোট পাওয়া যাইতে পারিবেক না। নূতন প্রোমিসরী নোট পাইবার ও অধিক টাকার এক নোটের পরি-

বর্ত্তে অল্প টাকার অনেক নোট লইবার ও অল্প টাকার অনেক নোটে-র পরিবর্ত্তে অধিক টাকার এক নোট পাইবার যে দাঁড়া ও বিধি পূর্ব্বা-বধি চলিয়া আসিতেছে তাহা এই লোনের প্রোমিসরী নোটের উপর খাটিবেক।

এই লোনে কেবল পাঁচ কোটী টাকা কর্জ্জ লওয়া যাইবেক। এই কর্জ্জের কিছু টাকা ১৮৭৯ সালের ১ মে তারিখের পূর্ব্বে পরিশোধ হইবেক না ও ১৮৭৯ সালের জানুআরি মাসের ৩১ তারিখের পর কোন সময়ে ৩ তিন মাস থাকিতে সংবাদ না দেওয়া গেলে পরি-শোধ হইবেক না।

১৮৫৭ সালের ১৬ জানুআরির বিজ্ঞাপন মতে শতকরা ৫ পাঁচ টাকার যে লোন খোলা গিয়াছিল তাহা বর্ত্তমান মাসের ৩০ তারিখ অবধি বন্দ হইবেক ও সেই তারিখ অবধি এ লোনের নিমিত্তে আর কিছু টাকা লওয়া যাইবেক না। কেবল ইউরোপ নিবাসী যে লোকেরা ১৮৫৯ সালের ১০ এপ্রিল কিম্বা তাহার অগ্রে ১৮৫৯ সালের ৩ মার্চ্চ তারিখের পর ডাকের পত্র লইয়া যে জাহাজ লণ্ডননগর হই-তে চলিয়া আইসে সেই জাহাজে ৪ টাকা কি শতকরা ৩৷৷০ টাকা কি শতকরা ৪৷৷০ সাড়ে চারি টাকা সুদের লোনের প্রোমিসরী নোট কি ট্রান্সফার লোন সিকুরিটী ৫ টাকার সুদের ঐ লোনে অগৌণে দাখিল করিবার পত্র পাঠাইয়াছেন, তাঁহারদের সেই পত্র মতে উক্ত লোনে যে টাকা দিবার অভিপ্রায় থাকে সেই টাকা আগামি জুন মাসের ১ তারিখের পূর্ব্বে দেওয়া গেলে কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাই-য়ের জেনেরেল ট্রেজরীতে গ্রাহ্য হইবেক।

উক্ত প্রকারের স্থল ছাড়া শতকরা ৪ চারি টাকা কি শতকরা ৩৷৷০ সাড়ে তিন টাকার কি শত করা ৪৷৷০ সাড়ে চারি টাকার সুদের প্রোমিসরী নোট কি ট্রান্সফার লোন সিকুরিটী বর্ত্তমান মাসের ৩০ তারিখের পরে কোন লোনের টাকার পরিবর্ত্তে গ্রাহ্য হইবেক না।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের রাইট আনারেবিল
গবরনর জেনেরেল বাহাদুরের আজ্ঞামতে
প্রকাশ করা গেল।
সি, হিউ, লসিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৫৯ সালের ২৯ নম্বর বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়েম ফাইনানসিয়াল ডিপার্টমেণ্ট।

১৮৫৯ সাল ২০ এপ্রেল।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত লোনের গবর্ণমেণ্টের প্রোমিসরী নোট যাঁহারদের হাতে থাকে তাঁহারা ঐ লোন যত কাল চলিবার প্রতিজ্ঞা হইয়াছে ততকাল পর্য্যন্ত আপনারদের ইচ্ছামত পূর্ব্বাবধি যেমত সুদ পাইয়া আসিতেছেন তেমনি লইতে পারিবেন কিম্বা ১৮৫৯ সালের ১ মে তারিখ অবধি ভারতবর্ষের গবর্ণমেণ্টের একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দস্তখৎ করা কুপন দ্বারা সুদ পাইতে পারিবেন। সেই কুপন যাঁহার হাতে থাকে তাঁহাকে তাহার টাকা দেনা হইবেক।

যে প্রোমিসরী নোট এখন চলন আছে তাহা নূতন করিয়া লইবার সময়ে তাহার পরিবর্ত্তে কুপনযুক্ত প্রোমিসরী নোট পাওয়া যাইতে পারে, কুপনের পাঠ এই।

কুপন।

নম্বর টাকা

অমুক সালের অমুক মাসের অমুক তারিখের কি তাহার পরে এই কুপন ফোর্ট উইলিয়মের জেনেরেল ট্রেজরীতে যে জন উপস্থিত করেন তাঁহাকে অমুক লোনের ভারতবর্ষের গবর্ণমেণ্টের অমুক নম্বরের এত টাকার প্রোমিসরী নোটের অমুক তারিখ পর্য্যন্ত বৎসরে শতকরা এত টাকার সুদের হিসাবে ৬ ছয় মাসের এত টাকা সুদ দেনা হইবে।

টাকা নম্বর

দস্তখৎ

* ভারতবর্ষের গবর্ণমেণ্টের একৌণ্টেণ্ট জেনেরেল কোন নোটের সঙ্গে যে সকল কুপন দেওয়া যায় তাহার মধ্যে শেষ কুপন মতের সুদ যখন দেনা হয় তখন ঐ নোট ন্যায্য মতে যে ব্যক্তির হয়, তিনি সেই নোট ফোর্ট উইলিয়মের জেনেরেল ট্রেজরীতে উপস্থিত করিলে ও তাহার উপর রসিদ লিখিয়া দিলে আসল টাকা পরিশোধ হইবার সংবাদ দেওয়া যাইবার পরে ৩ মাসের শেষ পর্য্যন্ত ঐ নোটের উপর

যত সুদ পাওনা হয় তাহা তাঁহাকে ঐ ট্রেজরীতে দেওয়া যাইবেক অথবা ঐ নোট ন্যার্য্যমতে যে ব্যক্তির হয় তিনি ইচ্ছা করিলে এইক্ষণে যে বিধি ও নিয়ম আছে তদনুসারে কিম্বা ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত রাইট আনারেবিল সেক্রেটরী সাহেব কিম্বা এই গবর্ণমেণ্ট পরে যে কোন বিধি কি নিয়ম করিয়া থাকিবেন তদনুসারে কলিকাতার কিম্বা মান্দ্রাজের জেনেরেল ট্রেজরীর উপরে দাওয়া হইবামাত্র টাকা দিবার হুণ্ডির দ্বারা সেই সুদ লণ্ডননগরের ইষ্টইণ্ডিয়া হৌস দিবার হুকুম ঐ নোটের উপর দেখাইতে পারিবেক।

হজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত রাইট আনারেবিল
গবরনর জেনেরেল বাহাদুরের আজ্ঞামতে
প্রকাশ করাগেল।

সি, হিউ লসিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

৭২ নম্বর বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়েম ফাইনানসিয়াল ডিপার্টমেণ্ট।

১৮৫৯ সাল ২৯ আগষ্ট।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে, যে শতকরা ৫ টাকার ও ৫॥০ সাড়ে পাঁচ টাকার লোনের প্রো.মিসরী নোটের স্বামিদিগকে গত এপ্রিল মাসের ২০ তারিখের ২৯ নম্বরের ফাইনানসিয়াল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপনমতে যে অনুমতি দেওয়া গিয়াছে সেই অনুমতি হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট আনারেবিল গবরনর জেনেরেল বাহাদুর ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত রাইট আনারেবিল সেক্রেটরী সাহেবের সম্মতিক্রমে শতকরা ৪ টাকার ও ৪॥০ টাকার ও ৩॥০ টাকার নীচের লিখিত লোনের প্রোমিসরী নোটের স্বামিদিগকেও দিয়াছেন তাহাতে ঐ শতকরা ৪ টাকার ও ৪॥০ টাকার ও ৩॥০ টাকার যে লোন এখন আছে তাহার নোটের সুদ স্বামিরদের ইচ্ছামতে পূর্ব্বাবধি যেমন দেওয়া যাইতেছে তেমনি ১৫ পোনেরো বৎসর পর্য্যন্ত দেওয়া যাইতে পারিবেক, কিম্বা উক্ত বিজ্ঞাপনের লিখিতমতে কুপন দেওয়া যাইতে পারিবেক। সেই কুপনের টাকা বাহককে

দেওয়া যাইবেক ও তাহাতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দস্তখৎ থাকিবেক।

হজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত রাইট আনারেবিল গবরনর জেনেরেল বাহাদুরের আজ্ঞাক্রমে প্রকাশ করাগেল।

সি. হিউ, লসিংটন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

শতকরা ৪ টাকার ১৮২৪।২৫ সালের

১৮২৮।২৯ সালের

১৮৩২।৩৩ সালের

১৮৩৫।৩৬ সালের

১৮৪২।৪৩ সালের

১৮৫৪।৫৫ সালের

শতকরা ৪৷৷০ টাকার ১৮৫৬।৫৭ সালের লোন।

শতকরা ৩৷৷০ টাকার ১৮৫৩।৫৪ সালের লোন।

বাঙ্গাল গবর্ণমেণ্ট গেজেট ৬ সেপ্টেম্বর ১৮৫৯ সাল।

ট্রেজরী বিল ও শতকরা ৫৷৷০ সাড়ে পাঁচটাকা সুদী গর্ণমেণ্ট লোন বন্দ বিষয়ক।

গবর্ণমেণ্টের ১৮৫৯ সালের ২৬ জানুআরি তারিখের আজ্ঞামতে যে প্রতি শত টাকার উপর প্রতিদিন এক পয়সার হিসাবে সুদ দিয়া ট্রেজরী বিল নামক যে কর্জ্জ খোলা হইয়াছিল তাহা এবং ঐ ১৮৫৯ সালের ৩০ এপ্রিলের আজ্ঞামতে যে গবর্ণমেণ্টের শত করা ৫৷৷০ সাড়ে পাঁচ টাকা সুদের যে লোন (কোম্পানির কাগজ) খোলা হইয়াছিল তাহা অদ্য তারিখের ফাইনানসিয়াল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপন দ্বারা বন্দ হওনের আজ্ঞা হইল।

কলিকাতা গবর্ণমেণ্ট গেজেট ১০ ফিব্রুআরি ১৮৫৯ সাল।

সকল প্রকার গবর্ণমেণ্ট লোন অর্থাৎ কোম্পানির কাগজের সুদ বাহির করিবার নিয়ম।

যে কোন সন তারিখের এবং যে কোন শতকরা সুদের কাগজের সুদ বাহির করিয়া লইতে ইচ্ছা হইলে যদি সেই কাগজ নূতন হয়,

অর্থাৎ ঐ কাগজের সুদ কখন বাহির করিয়া লওয়া না হইয়া থাকে তবে সেই লোনের (কর্জ্জের) প্রথম তারিখ. অবধি নচেৎ যত হাফ-ইয়ার্‌লী (ষাণ্মাসিক) সুদ বাহির হইয়া থাকে তত হাফইয়ার্‌লী পর্য্যন্ত বাদ দিয়া এই মত হিসাব করিতে হইবে, যথা ১৮৩৬ সালের ৩১ মার্চ্চের শতকরা ৪ চারি টাকা সুদের কোম্পানির কাগজের হাফইয়ার্‌লী অর্থাৎ ছয় মাসের সুদের ডিউ প্রতি বৎসর ৩১ মার্চ্চ ও ৩০ সেপ্টেম্বর, ১৮৫৭ সালের ২৮ ফিব্রুআরির শতকরা ৫ পাঁচ টাকা সুদের কাগজের সুদের ডিউ ২৮ ফিব্রুআরি ও ৩১ আগষ্ট এবং ১৮৫৯ সালের ১ মের শতকরা ৫॥০ সাড়ে পাঁচ টাকা সুদের কাগজের সুদের ডিউ ১ মে এবং ১ নবেম্বর তারিখে পড়ে সুতরাং ঐ ৩১ মার্চ্চ অবধি ৩০ সেপ্টেম্বর পর্য্যন্ত গণনা করিলে ছয় মাস অর্থাৎ প্রথম হাফইয়ার্‌লী হইবে ৩০ সেপ্টেম্বর অবধি ৩১ মার্চ্চ পর্য্যন্ত দ্বিতীয় হাফইয়ার্‌লী ১৮৫৭ সালের ২৮ ফিব্রুআরির শতকরা ৫ পাঁচ টাকা সুদের কাগজের ঐ ২৮ ফিব্রুআরি অবধি ৩১ আগষ্ট পর্য্যন্ত প্রথম হাফইয়ার্‌লী ঐ ৩১ আগষ্ট অবধি ২৮ ফিব্রুআরি পর্য্যন্ত দ্বিতীয় হাফইয়ার্‌লী ও ১৮৫৯ সালের ১ মে তারিখের শতকরা ৫॥০ সাড়ে পাঁচ. টাকা সুদী কাগজের ঐ ১ মে অবধি ১ নবেম্বর পর্য্যন্ত প্রথম হাফইয়ার্‌লী ঐ মত ১ নবেম্বর অবধি ১ মে পর্য্যন্ত দ্বিতীয় হাফইয়ার্‌লী ইত্যাদি এই প্রকারে ছয় ছয় মাসান্তর হিসাব করিয়া যত হাফইয়ারলী সুদের টাকা পাওনা হয় তাহার প্রাপ্তের রসিদ ঐ কোম্পানির কাগজের পৃষ্ঠে ইংরাজী ভাষায় এই পাঠে লিখিবেন। রসিদের পাঠ এই।

Received Half-yearly or Quarterly (as the case may be) Interest by a Draft No. from the Accountant General on the Sub-Treasurer for Rupees

Calcutta the 186 Name.

শ্রীযুত এক্কৌণ্টেণ্ট্‌ জেনেরেল সাহেবের স্থানে এত হাফইয়ার্‌লী ষাণ্মাসিক বা ত্রৈমাসিক সুদের দরুণ অমুক নম্বরের এত টাকার এক হুণ্ডী শ্রীযুত সব-ট্রেজরর সাহেবের স্থানে পাওয়া গিয়াছে।

কলিকাতা সন ও মাস তারিখ নাম

এই মত রসিদ লিখিয়া ঐ কাগজে আপনার নাম ইংরাজী বাঙ্গলা পারসী বা নাগরী অক্ষরে স্বাক্ষর (সহী) করিয়া ঐ কাগজ জেনেরেল ট্রেজরীর শ্রীযুত একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দপ্তর খানায় সুদের ডিপার্টমেণ্টের কেরাণিদিগের স্থানে দাখিল করিলে রসিদের স্বরূপ ছাপা করা এক টিকিট পাওয়া যায় ঐ রসিদ ৮। ১০ দিবস পরে ঐ টিকিটের পৃষ্ঠে আপনার নাম সহী করিয়া তথায় ফেরত দিলে ঐ কাগজের সুদের টাকার এক ড্রাফ্‌ট (বরাত) শ্রীযুত সব-ট্রেজরর সাহেবের উপর পাওয়া যায় এবং আপনার দাখিল করা কোম্পানির কাগজ ফেরত পাওয়া গেলে ঐ ড্রাফ্‌টের পৃষ্ঠে আপনার নাম ইণ্ডার্শ (স্বাক্ষর) করিয়া স্বয়ং বা জানেব লোকের মাং রবিবার কিম্বা কোন পর্ব্বদিন ব্যতিত সকল দিনে বেলা দশ ঘণ্টা অবধি দুই প্রহর তিন ঘণ্টার মধ্যে জেনেরেল ট্রেজরীর শ্রীযুত সব-ট্রেজরর সাহেবের স্থানে টাকা প্রাপ্ত হওনের রসিদ লিখিয়া রীতিমত দাখিল করিলে সুদের বেবাক টাকা তৎক্ষণাৎ পাওয়া যায়।

আগামি সুদ এণ্টিসিপেশন ইণ্টারেষ্ট অর্থাৎ নিয়মিত কাল উপস্থিত না হইতে কোম্পানির কাগজের সুদ যেরূপে পাওয়া যায় তাহার নিয়ম।

১। এক বৎসরের দ্বাদশাংশের একাংশের নাম এক মাস জানিবে ঐ মাস ৩০ দিবসীয় গণনায় সকল প্রকার গবর্ণমেণ্ট লোনের (কোম্পানির কাগজের) সুদ পাওয়াযায়।

২। যদি ৩১ দিবসীয় মাসের সুদ কসিতে হইলে এক মাসকে ৩১ ভাগ না করিয়া অতিরিক্ত এক দিবস অর্থাৎ ভাঙ্গা দিন ত্যাগ করিয়া কেবল ৩০ দিবসীয় মাসের হিসাবে সুদ কসিতে হইবে কেননা এই হিসাবে ট্রেজরী হইতে সুদ পাওয়াযায়।

৩। ইংরাজী ১৮৪১। ৪২ সালের শতকরা ৫ টাকা সুদের কোম্পানির কাগজের হাফইয়ারলী সুদের ডিউ অর্থাৎ মেয়াদ প্রতি বৎসর ৩১ ডিসেম্বর ও ৩০ জুন তারিখে পড়ে সুতরাং এই কাগজের প্রতিই এ নিয়ম খাটে।

৪। কোন ব্যক্তি এই কোম্পানির কাগজ লইবার জন্যে ২৭ আক্টোবর তারিখে ট্রেজরীতে টাকা জমা দিলে ২৭ আক্টোবর অবধি

৩০ ডিসেম্বর পর্য্যন্ত ২ দুই মাস ৩ তিন দিনের আগামি সুদ নিম্ন লিখিত মতে হিসাব করিয়া পাইবেন।

৫। ২৭ আক্টোবর অবধি ২৬ ডিসেম্বর পর্য্যন্ত হিসাব করিলে এক বৎসরের দ্বাদশাংশের দুই অংশ অর্থাৎ দুই মাস এই রূপে সুদের হিসাব করিতে হইবে।

৬। ঐ রূপ ২৭ অবধি ৩০ ডিসেম্বর পর্য্যন্ত ৩ দিন অথবা এক বৎসরের দ্বাদশাংশের একাংশকে ৩০ ভাগ করিলে এক হইবে, তাহাকে তিন গুণ করিলে তিন দিবস হইবে।

৭। কোন ব্যক্তি ঐ কোম্পানির কাগজ লইবার জন্যে ২৯ ডিসেম্বর তারিখে স্বাক্ষর করিলে অর্থাৎ জেনেরেল ট্রেজরীতে টাকা জমা দিলে কেবল এক দিবসের আগামি সুদ পাইবেন, কিন্তু ৩০ তারিখে স্বাক্ষর করিলে কিছু মাত্র আগামি সুদ পাইবেন না।

৮। যদি ৫ টাকা সুদের উক্ত কাগজের হাফ্‌ইয়ারলী (অর্দ্ধ বৎসরের) সুদের ডিউ ৩০ জুন তারিখে পড়ে কিছু মাত্র বাদ দিতে হইবে না কেননা জুন মাস কেবল ৩০ দিনে হইয়া থাকে।

গবর্ণমেণ্টের সকল নূতন খোলা লোনের আগামি সুদ পূর্ব্বোক্ত নিয়মানুসারে পাওয়া যাইবে।

মফস্বল নিবাসি ব্যক্তিরা যেরূপে কোম্পানির কাগজের সুদ বাহির করিবেন তাহার নিয়ম।

কলিকাতার বাহিরের কোন জিলা নিবাসী কোন ব্যক্তির হাতে গবর্ণমেণ্ট প্রোমিসরী নোট থাকিলে যদি তিনি সরকারের ঐ জিলার ট্রেজরী অর্থাৎ খাজনাখানা হইতে আপনার নামের কাগজের সুদ লইতে ইচ্ছা করিলে তাঁহার সেই মানস স্বয়ং বা তথাকার কালেক্টর সাহেবের মাং ফোর্ট উইলিয়মের (কলিকাতার) শ্রীযুত একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবকে দরখাস্ত দ্বারা জানাইলে ঐ জেলার বা অন্য যে জেলার ট্রেজরী হইতে চাহেন সেই ট্রেজরী হইতে পাইবার হুকুম ঐ কোম্পানির কাগজের উপর লেখা যাইবে পরে পূর্ব্বোক্ত মতে কালেক্টর সাহেবকে রসিদ লিখিয়া দিলে ঐ কাগজের সুদ ছয় ছয় মাসান্তর রীতিমত তথাকার খাজনাখানা হইতে পাইতে পারিবেন ইতি।

পরদানসীন স্ত্রী অর্থাৎ যে স্ত্রী অন্দরের বাহির না হয় এমত স্ত্রীর নামের কোম্পানির কাগজের সুদ বাহির করিবার নিয়ম।

যে কাগজের সুদ বাহির করিতে হইবে পূর্ব্বোক্তমতে ছয় ছয় মাসের সুদ হিসাব করিয়া সেই কাগজের পৃষ্ঠে ইংরাজী ভাষায় সুদের রসিদ লেখাইয়া আপনার নাম লিখিতে পারিলে স্বহস্তে রসিদের নীচে সহী করিবে নচেৎ ঢেরাসহী অর্থাৎ নিসান সহী এবং আপনার নামের মোহর থাকিলে ছাপ দিয়া পরে ঐ আপনার নামের বামদিগে আপনার জানেব কোন এক ব্যক্তি সাক্ষির নাম দস্তখৎ করাইয়া তাহার বা অন্য ব্যক্তির মারফৎ ঐ কাগজ জেনেরেল ট্রেজরীতে শ্রীযুত একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দপ্তরখানায় সুদের ডিপার্ট মেণ্টে দাখিল করিতে হইবে। সাক্ষিকে তৎকালিন ট্রেজরীতে হাজির হইতে হইবে না। ৮।১০ দিন পরে আপনার দাখিল করা কোম্পানির কাগজ ও সুদের ড্রাফ্‌ট পাইলে সুদের ড্রাফ্‌টের পৃষ্ঠে ঐ স্ত্রীর আপনার নাম বা নিসান সহী ও মোহর থাকিলে ছাপ দিয়া পূর্ব্বোক্তরূপে শ্রীযুত সব-ট্রেজরর সাহেবের নিকট রীতিমত দাখিল করিলে তৎক্ষণাৎ টাকা পাইবেন, কিন্তু টাকা পাইবার সময় সাক্ষিকে তথায় হাজির হইতে হইবে।

ত্বরায় সুদের ড্রাফ্‌টের টাকা পাইবার মানস হইলে, ঐ স্ত্রীর আপনার নামের কোম্পানির কাগজের পৃষ্ঠে সুদের রসিদ এই পাঠে লিখিয়া দিলে টাকা পাইবার সময় সাক্ষির আবশ্যক করিবে না অনায়াসে টাকা পাইবেন, রসিদের পাঠ এই।

Received Half-yearly Interest by a Draft No. from the Accountant General on the Sub-Treasurer for Rupees in favor of A. B.

Calcutta the 186 Name

——হাফইয়ারলী সুদের দং— টাকার—-নম্বরের এক ড্রাফ্‌ট (বরাত) শ্রীযুত একৌণ্টেণ্ট সাহেবের নিকট হইতে সব-ট্রেজরর সাহেবের নামে অমুকের যোগে পাইলাম।

কলিকাতা মাস তারিখ সন১৮৬ স্বাক্ষর

উক্ত রূপে অর্থাৎ ঐ পাঠে কাগজের পৃষ্ঠে রসিদ লিখিলে বাহকের অর্থাৎ যে টাকা আনিতে যাইবে তাহাকে টাকা দিবার কারণ একৌন্টেন্ট জেনেরেল সাহেব ড্রাফ্‌ট দিবেন সেই ব্যক্তি ড্রাফ্‌টের পৃষ্ঠে নিজ নাম ধাম সহী করিয়া রসিদ দিলে অনায়াসে টাকা পাইবেন ইতি।

এটর্ণী (মুক্তিয়ার) অথবা এজেন্ট কার্য্য সম্পাদন কর্ত্তা দ্বারা কোম্পানির কাগজের সুদ পাইবার নিয়ম।

কলিকাতা নিবাসী কোন ব্যক্তি আপনার এটর্ণী কিম্বা এজেন্ট (মুক্তিয়ার) কিম্বা তাঁহার কার্য্য সম্পাদন কর্ত্তার অর্থাৎ তাঁহার কর্ম্ম চালাইবার ভার যে ব্যক্তির প্রতি আছে, এমত ব্যক্তির দ্বারা আপনার নামের কোম্পানির কাগজের সুদ পাইবার মানস হইলে, সুপ্রিম কোর্টের কোন এক উকীলের দ্বারা ইংরাজী ভাষায় ও অক্ষরে এক পাউয়ার অব এটর্ণী অর্থাৎ মুক্তিয়ার নামা এই মর্ম্মে লিখিবেন, যে অমুক স্থান নিবাসী শ্রীযুত অমুককে এটর্ণী মোকরর করিলাম, এটর্ণী মজকুর আমার নামের কোম্পানির কাগজে তাহার নিজ নাম দস্তখৎ করিয়া জেনেরেল ট্রেজরী হইতে রীতিমত ঐ কাগজের সুদ বাহির করিলে আমার আপনার প্রাপ্ত হওয়ার ন্যায় হইবেক। পরন্তু ঐ এটর্ণী উক্ত ক্ষমতা প্রাপ্ত হইয়া আপনার নাম দস্তখৎ করিয়া সুদ বাহির করিতে পারিবেন, আর যদি ঐ পাউয়ার আব এটর্ণীতে সম্পষ্টরূপে বিক্রয় করিবার ক্ষমতা থাকে তবে তদ্দ্বারা ঐ মুক্তিয়ার ঐ কাগজ বিক্রয় করিতে পারিবেন ইতি।

মফস্বল অর্থাৎ সুপ্রিমকোর্টের এলাকার বাহিরে জিলা নিবাসী কোন ব্যক্তি বাঙ্গালা কিম্বা অন্য ভাষায় পূর্ব্বোক্ত মর্ম্মে মুক্তিয়ার নামা লিখিয়া ঐ জিলার মাজিস্ট্রেট বা অন্য হাকিমের দ্বারা তসদিক করাইয়া দিলে মুক্তিয়ার জেনেরেল ট্রেজরী হইতে সুদ বাহির করিতে পারিবেন।

মফস্বল ট্রেজরী হইতে অর্থাৎ সরকারের জিলার খাজানাখানা হইতে কোম্পানির কাগজের সুদ বাহির করিবার নিয়ম।

কলিকাতা রাজধানীর জেনেরেল ট্রেজরী ভিন্ন কোন জিলার

সরকারী খাজানাখানা হইতে যদি কেহ আপনার কোম্পানির কাগজের সুদ পাইবার মানস করেন তবে শ্রীযুত এক্কৌণ্টেন্ট জেনেরেল সাহেবের সমীপে ইংরাজী ভাষায় নিম্ন লিখিত পাঠে দরখাস্ত দ্বারা প্রার্থনা করিলে ঐ জেলার খাজানাখানা হইতে সুদ পাইবার আজ্ঞা ঐ কাগজে লিখিয়া দিলে তথা হইতে নিয়মিত সময়ে রীতিমত সুদ পাইতে থাকিবেন। দরখাস্তের পাঠ এই।

To The Assistant Accountant General,
Fort William in Calcutta.

Sir,

Please order that Interest on my following Government Promissory Notes be made payable at (Name of the Zillah)

No. of for Rs.
No. Do Do Do.

Calcutta.

Month date year

Signature of the Holder.

বাঙ্গলা দেশের ফোর্ট উইলিয়েম রাজধানীর শ্রীযুত এক্কৌণ্টেন্ট জেনেরেল সাহেব বরাবরেষু।

অনুগ্রহ করিয়া পশ্চাৎ লিখিত আমার কোম্পানির কাগজের সুদ অমুক জেলার খাজানাখানা হইতে পাইবার আজ্ঞা প্রচার করুন।

নং অব টাকা
নং ঐ ঐ

কলিকাতা

মাস তারিখ সাল

কাগজের স্বামীর নাম

মৃত ব্যক্তির নামের গবর্ণমেন্ট লোনের কোম্পানির কাগজের সুদ বাহির, রিনিউ (নূতন করিবার) কিম্বা বিক্রয় করিবার নিয়ম।

কলিকাতা নিবাসী কোন মৃত ব্যক্তির নামের কোম্পানির কাগ-

জের সুদ বাহির করিতে আবশ্যক হইলে তাঁহার উইলের (অর্থাৎ শেষ ইচ্ছা পত্রে) উল্লেখিত যে অছি নিযুক্ত হইয়াছেন তিনি উইলের প্রোবেট (শেষ ইচ্ছাপত্র প্রমাণার্থ অনুমতি পত্র) কিম্বা উইল না হইয়া থাকিলে লেটার্স অব এডমিনিষ্ট্রেশন (মৃত ব্যক্তির সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করণ ক্ষমতা অর্পিত যাহাতে) সেই দলীল এবং মৃতব্যক্তির নামের কোম্পানির কাগজের পৃষ্ঠে সুদ বাহির করিবার নিয়মানুসারে ইংরাজী ভাষায় রসিদ লিখিয়া ঐ অছি বা এডমিনিষ্ট্রেটর আপনার নাম এই পাঠে দস্তখৎ করিবেন।

A. B. Executor or administrator of
C. D. deceased.

ক. খ, অছি কিম্বা সম্পত্তির কার্য্য নির্ব্বাহ
কর্ত্তা পক্ষে মৃত গ, ঘ।

ঐ দস্তখৎ করা কোম্পানির কাগজ ও প্রোবেট করা উইল বা লেটার্স অব এডমিনিষ্ট্রেশন জেনেরেল ট্রেজরীর শ্রীযুত একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দপ্তরখানায় লোন ডিপার্টমেণ্টে দাখিল করিলে তিনি রীতিমত রেজিস্টরী করিয়া ফেরত দিলে তদবধি ঐ কোম্পানির কাগজের সুদের (ড্রাফ্‌টের) টাকা অছিকে দিবার জন্যে শ্রীযুত সব-ট্রেজরর সাহেবের প্রতি আজ্ঞা প্রচার করিবেন এবং পুনরায় সুদ বাহির করিবার সময়ে উক্ত দলীল (উইলের প্রোবেট অথবা লেটার্স অব এডমিনিষ্ট্রেশন শ্রীযুত একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দপ্তর খানায় দাখিল করিতে হইবে না, অছি নিজ নাম স্বাক্ষর করিয়া রীতিমত সুদ পাইতে রিনিউ কিম্বা বিক্রয় করিতে পারিবেন।

মফস্বল অর্থাৎ কোন জিলা নিবাসি মৃত ব্যক্তির নামের কোম্পানির কাগজের সুদ বাহির রিনিউ অথবা বিক্রয় করিবার নিয়ম।

মৃত ব্যক্তির উইল (ইচ্ছাপত্র) ক্রমে অছি অথবা উইল না হইয়া থাকিলে তাঁহার উত্তরাধিকারী যিনি থাকেন ঐ দলীল সম্বলিত ঐ জেলার দেওয়ানী আদালতে দরখাস্ত করিলে ১৮৫৩ সালের ৮ আইনের ও ১৮৫১ সালের ১০ আইনের দ্বারা সংশোধিত ১৮৪১ সালের ২০ আইনের বিধানক্রমে যে সার্টিফিকিট পাইবেন

তাহাতে ঐ মৃত ব্যক্তির কোম্পানির কাগজের সুদ বাহির কিম্বা বিক্রয় করিবার স্পষ্টরূপে ঐ অছির বা উত্তরাধিকারীর কিম্বা সম্পত্তির কার্য্য নির্ব্বাহ কর্ত্তার প্রতি ক্ষমতা থাকিবে। সেই সার্টিফিকিট এবং মৃত ব্যক্তির নামের কোম্পানির কাগজ ঐ জেলার কালেক্টরীতে দাখিল করিলে সুদ প্রাপ্ত হইবেন এবং ঐ সার্টিফিকিটে যদি বিক্রয় করিবার ক্ষমতা সম্পষ্টরূপে থাকে তবে বিক্রয় করিতে পারিবেন।

উইল বা লেটার্স অব এডমিনিষ্ট্রেশন যেরূপে পাওয়া যায় তাহার নিয়ম।

মৃত ব্যক্তির উইল ক্রমে (শেষ ইচ্ছাপত্র ক্রমে) যে অছি (একজিকিউটার) নিযুক্ত হইয়াছেন তিনি এক জন উকীলের দ্বারা মরণের এক মাসের মধ্যে ঐ উইলের প্রোবেট (অর্থাৎ শেষ ইচ্ছাপত্র প্রমাণার্থ অনুমতি পত্র) পাইবার জন্যে উইল সম্বলিত শ্রীশ্রীমতি মহারাণীর সুপ্রিমকোর্টের শ্রীযুত জজ সাহেবদিগের সমীপে রীতিমত দরখাস্ত দাখিল করিয়া এফিডেবিট অর্থাৎ সপথ করিয়া সাক্ষী আদি দ্বারা উইলের সত্যতা বিষয় প্রমাণ দিলে উক্ত কোর্টের জজ সাহেবেরা উইল বিষয়ক যে২ তদন্ত আবশ্যক হয় তাহা করিয়া ঐ অছিকে প্রোবেট দিবেন। আর উইল অভাবে অর্থাৎ উইল না করিয়া মরিলে তাঁহার স্ত্রী প্রভৃতি উত্তরাধিকারী হওয়া প্রযুক্ত মৃত ব্যক্তির সম্পত্তির প্রতি যে কেহ দাবি রাখিলে লেটার্স অব এডমিনিষ্ট্রেশন (মৃত ব্যক্তির সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করণ ক্ষমতা অর্পিত যে পত্র) পাইবার প্রার্থনায় পূর্ব্বোক্তমতে এক মাস মধ্যে এক উকীলের দ্বারা ১৮৫৫ সালের ৮ আইনের মর্ম্মানুসারে দরখাস্ত দিয়া যে সকল কার্য্য আবশ্যক হয় তাহা করিলে জজ সাহেবেরা তাঁহার উত্তরাধিকারিত্বের বা অধ্যক্ষতা করণের স্বত্ব বিষয়ে প্রমাণ লইয়া রীতিমত তাঁহাকে লেটর্স অব এডমিনিষ্ট্রেশন দিবেন।

কোম্পানির কাগজ রিনিউ (নূতন করণ) ও বিভাগ করণ এবং সংগ্রহ অর্থাৎ একত্র করণ বিষয়ক প্রকরণ।

যে কোম্পানির কাগজ বা কাগজ সকল রিনিউ (পুরাতন কাগজ

বদল করিয়া নূতন) কিম্বা একখানি অনেক টাকার কাগজের এওজে ক্ষুদ্র২ সংখ্যার অনেক কেতা কাগজ করিতে যথা ৫০০০০ পঞ্চাশ হাজার টাকার এক কেতা কাগজকে প্রতিকেতা ৫০০০ পাঁচ হাজার টাকার হিসাবে ৫ পাঁচ খানি করিতে ২৫০০০ পঁচিশ হাজার টাকার এক কেতাকে প্রতি কেতা ১০০০ এক হাজার হিসাবে ২৫ পঁচিশ খানি করিতে ঐ মত অনেক কেতা (খণ্ড) কাগজ বদল করিয়া কেবল এক-কেতা করিতে যথা প্রতি কেতা ৫০০ পাঁচ শত টাকার হিসাবে ১০ দশ খানি কাগজকে ৫০০০ পাঁচ হাজার টাকার একখানি কাগজ করিতে আবশ্যক হইলে জেনেরেল ট্রেজরীর শ্রীযুত একৌণ্টেণ্ট জেনেরেল সাহেবের দপ্তর খানায় লোন ডিপার্টমেণ্টে কেরাণিদিগের নিকট এক টিকিট পাওয়া যাইবে ঐ টিকিট ১০।১৫ দিন পরে ফেরত দাখিল করিলে প্রত্যেক নূতন কেতায় ১ এক টাকার হিসাবে ফিজ (রসুম) দিয়া নিম্ন লিখিত ইংরাজী ফারমে অর্থাৎ পাঠে রসিদ দিলে নূতন কাগজ পাওয়া যাইবে।

রসিদের পাঠ এই।

Form of Renewal or Sub-division Receipt.

Received a new note or Received 4 Notes of 500 Rs. each in lieu of this

Signature of the Holder.

রিনিউ (নূতন) কিম্বা বিভাগ করণের রসিদের ফারম।

এই কোম্পানির কাগজের বদলে এক নূতন নোট (খত) বা প্রতি কেতা ৫০০ পাঁচ শত টাকার হিসাবে ৪ চারি খানি নূতন খত প্রাপ্ত হইলাম।

যে ব্যক্তির কাগজ তাহার সহী।

Form of Consolidation Receipt.

Received by consolidation a New Note for the aggregate amount of R's. in lieu of Notes

Signature of the Holder.

অনেক কেতাকে একত্র করণের রসিদের ফারম।

এত কেতা কাগজের বদলে
একত্র করণ দরুণ একুনে এত টাকার নূতন নোট প্রাপ্ত হইলাম।

যে ব্যক্তির কাগজ তাহার নাম।

কোম্পানির কাগজ হস্তান্তর অর্থাৎ যে ব্যক্তির নামের কাগজ তিনি নিজ নাম বদল করিয়া অন্যের নামে করিতে ইচ্ছা করিলে ঐ কাগজের পৃষ্ঠে ইংরাজী ভাষায় এই পাঠে আদেশ লিখিয়া আপনার নাম ইণ্ডার্শ (স্বাক্ষর) করিবেন।

Pay to Hem Chunder Chatterjee.

Signature of the Holder.

এই কাগজের টাকা হেমচন্দ্র চাটুর্য্যাকে দিবেন।

যে ব্যক্তির কাগজ তাঁহার স্বাক্ষর।

পরে পূর্ব্বোক্ত রিনিউ কিম্বা বিভাগ অথবা একত্র করণ মানসে ঐ মত পাঠ ও নিজ নাম লিখিয়া প্রার্থনা জানাইলে তাঁহার মানস সিদ্ধ হইবে।

ঐ মত পরদানসীন স্ত্রীর নামের, এটর্ণী মুক্তিয়ার অথবা মৃত ব্যক্তির কিম্বা জিলা নিবাসী ব্যক্তির নামের কোম্পানির কাগজের সুদ বাহির করিবার যে২ নিয়ম পূর্ব্বেই লিখিত হইয়াছে, এস্থলে রিনিউ করিতেও সেই২ নিয়ম খাটিবে।

হারাণ চুরি যাওয়া কিম্বা নষ্ট হওয়া (গবর্ণমেণ্ট লোন) কোম্পানির কাগজের পরিবর্ত্তে ডুপ্লিকেট দ্বিতীয় প্রস্ত কাগজ পাইবার নিয়ম।

কোম্পানির কাগজ খোওয়া বা চুরি গেলে কিম্বা নষ্ট হইলে প্রথম নিম্ন লিখিত পাঠে ইংরাজী ভাষায় কোর্ট উইলিয়মের শ্রীযুত একৌণ্টেণ্ট সাহেবকে পত্র দ্বারা সম্বাদ দিতে হইবে; পত্রের পাঠ এই।

To

The Accountant General

Fort William in Calcutta

SIR,

I beg to notify to you that the Government Promissory Note No of of the Percent Loan of dated the for Company's Rupees originally Standing in the name of and last endorsed to the Proprietor,) or standing in the name of the Proprietor by whom it was never endorsed to any other person) Lost stolen or destroyed. (as the case may be)

I therefore beg you to stop the payment of the Interest Renewal & of the said Note.

Name

Calcutta

The 186

ফোর্ট উইলিয়ম দুর্গের অধীন কলিকাতার
শ্রীযুত একৌন্টেন্ট জেনেরেল সাহেব
সমীপেষু।

মহাশয়।

আমি আপনাকে সংবাদ দিতেছি যে অমুক নম্বর অমুক সন ও তারিখের বৎসর শতকরা এত টাকার সুদের লোন প্রথম অমুকের নামের কাগজ এবং শেষ ইণ্ডার্শ (স্বাক্ষর করিয়া) কাগজের স্বামীকে দেওয়া হইয়াছিল কিম্বা সেই কাগজে শেষ দস্তখৎ অমুকের অথবা স্বামীর নামের কাগজ অপরকে কদাচিত ইণ্ডার্শ করিয়া দেওয়া যায় নাই সেই কাগজ হারাইয়াছে চুরি গিয়াছে কিম্বা নষ্ট হইয়াছে একারণ আমি মিনতি পূর্ব্বক প্রার্থনা করিতেছি যে আপনি ঐ কাগজের সুদের টাকা অথবা রিনিউ করিতে কাহাকেও দিবেন না।

সন মাস তারিখ নাম

উক্ত পাঠে সংবাদ দিলে পরে দরখাস্তকারী ঐ কাগজের সমু-

দয় বেওরা অর্থাৎ নম্বর সন তারিখ যত টাকার কাগজ যাহার নামের কাগজ ও শেষ দস্তখৎ সেই কাগজে যাহার থাকে ইত্যাদি লিখিয়া পৃথকং তিন দিবসীয় কলিকাতা গবর্ণমেন্ট গেজেট নামক সংবাদ পত্রে ইংরাজী ভাষায় এই পাঠে বিজ্ঞাপন করিবেন।

বিজ্ঞাপনের পাঠ এই।

Lost, Stolen or Destroyed (as the case may be). The Government Promissory Note No of of the percent Loan of dated the for (Companys or Sicca) Rupees originally standing in the name of and last endorsed to the Proprietor, by whom it was never endorsed to any other Person) Payment of the above Note and of Interest thereupon has been stopped at the Loan Office, and application is about to be made to Government for the issue of a Duplicate Note in favor of the proprietor,

Date Name of the Advertiser

Residence &c,

কোম্পানির কাগজ না পাওয়া গেলে তদনন্তর শেষ অর্থাৎ তৃতীয় বারের বিজ্ঞাপনের তারিখ অবধি দুই বৎসরের পরে কলিকাতা নিবাসী হইলে গবর্ণমেণ্টের ফাইনানসিয়াল ডিপাটমেণ্টের সেক্রেটরী সাহেবের সমীপে নচেৎ জিলা নিবাসী হইলে তথাকার কালেক্টর সাহেবের মারফতে উক্ত সেক্রেটরীর নিকট কাগজ পাইবার প্রার্থনায় নিম্ন লিখিত ইংরাজী ভাষায় দরখাস্ত করিতে হইবে ঐ শ্রীযুত সেক্রেটরী সাহেব ডুপ্লিকেট কাগজ পাইবার হুকুম দিলে দরখাস্তকারীর নিকট এক বান (খত) রীতিমত লিখিয়া লইতে গবর্ণমেণ্টের উকীল সাহেবের প্রতি আদেশ করিলে যত টাকার কাগজ তাহার দ্বিগুণ তাইনে দরখাস্তকারীকে দুই ব্যাক্তি জামিন দারকে সঙ্গে লইয়া উকীল সাহেবের সম্মুখে হাজির করিতে হইবে তিনি দরখাস্তকারীর নিকট হইতে রীতিমত আপনার ফিজ (রসুম) লইয়া ঐ বানে দুই জামিন দারের নাম দস্তখৎ করাইয়া লইয়া শ্রীযুত একৌণ্টেণ্ট সাহেবের নিকট

ঐ বান পাঠাইলে ১০ বা ১৫ দিবসের পরে দরখাস্তকারী সাহেবের দপ্তরখানায় লোন ডিপাটমেণ্ট হইতে প্রতি কেতায় ১ টাকার হিসাবে ফিজদিলে ডুপ্লিকেট কাগজ পাইবেন ইতি।

To

The Secy. Govt India,

Financial Department.

Sir

I beg you will be good enough to order the issue of theduplicate of my Govt. Promissory Notes Lost.

The Loss was duly advertised in the Calcutta Gazettee on

Calcutta

Month date year Name

কোম্পানির কাগজ ক্রয় বিক্রয় করিবার নিয়ম।

কলিকাতা রাজধানীর বাঙ্গালব্যাঙ্কের দ্বারে ঐ কাগজ ব্যবসায়ী ইঙ্গরাজ বাঙ্গালি হিন্দুস্থানি বহুবিধ লোক থাকে তাহাদের নিকট ওরিয়েণ্টলব্যাঙ্ক মারকেণ্টাইল ব্যাঙ্ক আগরাব্যাঙ্ক ইংরাজ সওদাগর রেলিব্রাদর, কালবিন কোম্পানি মুতন চিনেবাজারের বাঙ্গালি দোকানদার বড় বাজারের মাড়ওয়ারী পটীর ও ডোমটুলির রামজী হরকচাঁদ মুলচাঁদ ফ্রেমজী রস্তমজী রতনজী ও অন্যান্য বোমাই নিবাসী কুটিওয়ালারা খরিদ বিক্রয় করিয়া থাকেন কিন্তু বাঙ্গালব্যাঙ্কই ঐ কাগজ ব্যাবসার প্রধান স্থল, ঐ ব্যাঙ্কের ডিপুটী সেক্রেটরী সাহেব এবং জেনেরেল ট্রেজরীর সব-ট্রেজরর সাহেব সময়েং নিলাম করিয়াও বিক্রয় করিয়া থাকেন; বিক্রয়ের নিরূপিত দিবস ঐ ব্যাঙ্কের লোন ডিপার্টমেণ্টের দেওয়ালে ও ট্রেজরীর সবট্রেজরর সাহেবের আপিসে এস্তেহার লটকাইয়া কলিকাতা এক্সচেঞ্জ গেজেটে বিজ্ঞাপন করিয়া থাকেন।

কোম্পানির কাগজ বিক্রয় করিতে হইলে শতকরা বাঁট্টা ধরিয়া দিতে হয় আর খরিদ করিতে বাট্টা পাওয়া যায়। যথা কোম্পানির শত-

